দৈনিক সংবাদ
তারিখ ... 13 JUL 1998 ...
পৃষ্ঠা 7 কলাম 5

প্রকৌশল বিশ্ববিদ্যালয়

# পদত্যাগী শিক্ষকদের বাসা ছাড়ার নোটিশ

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের পদত্যাগকারী ১৩ জন শিক্ষকের মধ্যে যারা কোয়ার্টারে থাকেন তাদেরকে বাসা ছাড়ার নোটিশ দেয়া হয়েছে। গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় প্রকৌশলী লিখিতভাবে বাসা ছাড়ার নোটিশ দেন।

নোটিশে বলা হয়েছে, স্থাপত্য বিভাগের ১৫ জন শিক্ষক গত ১৫ই মার্চ পদত্যাগ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ২৭শে এপ্রিল ১৩ জন শিক্ষকের পদত্যাগপত্র গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের বাসা বরাদ্দ আইনের বিধান অনুযায়ী পদত্যাগপত্র গ্রহণের তারিখ থেকে এক মাসের মধ্যে বাসা খালি করে বিশ্ববিদ্যালয়কে বুঝিয়ে দেয়ার নিয়ম রয়েছে। এ সময় পার হয়ে গেলেও তারা বাসা বুঝিয়ে দেননি। তাই অনতিবিলম্বে তাদের নামে বরাদ্দকৃত বাসা খালি করার অনুরোধ জানানো হয়েছে।

পদত্যাগকারী ১৩ জন শিক্ষকের মধ্যে ৪ জন শিক্ষক বিশ্ববিদ্যালয়ের কোয়ার্টারে থাকেন। গতকাল পর্যন্ত এদের মধ্যে ৩ জন

নোটিশ ঃ পৃঃ ১১ কঃ ১

## নোটিশ ঃ প্রকৌশল

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষক এই নোটিশ পেয়েছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে পদত্যাগী শিক্ষক ডঃ মাহবুবুর রহমান জানান, বৃহত্তর স্বার্থে স্থাপত্য বিভাগের অচলাবস্থার সমাধানের জন্য নতুন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সময় বাসা ছাড়ার নোটিশ দেয়া খুবই দুঃখজনক।

বিশ্বকাপের ছুটির পর গত ১৪ই জুলাই হতে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাস শুরু হলেও স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা তাদের ক্লাস বর্জন করেছে। স্থাপত্য বিভাগের পদত্যাগী ১৩ জন শিক্ষকের পুনর্বহালের দাবিতে ঐ বিভাগের ছাত্রছাত্রীরা ক্লাস বর্জনের কর্মসূচি গ্রহণ করেছে।

পদত্যাগী ১৩ জন শিক্ষক সিন্ডিকেটের কাছে তাদের পদত্যাগপত্র পুনর্বিবেচনার জন্য গত ১২ই মে চিঠি দিয়েছেন। কিন্তু সে ব্যাপারে এখনও সিন্ডিকেটের কোন বৈঠক অনুষ্ঠিত হয়নি। নিয়ম অনুযায়ী সিন্ডিকেটের সভা ডাকার এখতিয়ার রয়েছে বিশ্ববিদ্যালয় উপাচার্যের।